



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রেশম উল্লয়ন বোর্ড
বালিয়াপুকুর, রাজশাহী।
www.bsb.gov.bd

হিসাব নিরীক্ষক (সি.এ.ফার্ম) নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেশম উল্লয়ন বোর্ডের ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছর, রাজশাহী রেশম কারখানার ২০০৭-০৮ হতে ২০১০-১১ অর্থ বছর এবং ঠাকুরগাঁও রেশম কারখানার ২০০৭-০৮ হতে ২০১২-১৩ অর্থ বছর পর্যন্ত নিরীক্ষা কার্য সম্পাদনের জন্য নিরীক্ষক (সি.এ.ফার্ম) নিয়োগের নিমিত্ত রেজিস্টার্ড চার্টার্ড একাউন্ট্যান্ট ফার্ম এর নিকট হতে নিজস্ব প্যাডে সীল গালাকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১। নিয়োগ প্রাপ্ত হিসাব নিরীক্ষক (সি.এ.ফার্ম) কে রেশম বোর্ডের উল্লিখিত বছরসমূহের হিসাব নিরীক্ষা করাসহ সকল সম্পত্তির পুনঃমূল্যায়ন করে পুনঃ নির্ধারিত মূল্য নিরীক্ষা প্রতিবেদনে সংযোজন করতে হবে (নিরীক্ষা বছরের সংখ্যা বৃদ্ধি হতে পারে)।
- ২। নিরীক্ষা কার্যক্রম ৩০(ত্রিশ) দিনের মধ্যে সম্পাদন পূর্বক খসড়া নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৩। খসড়া প্রতিবেদন প্রাপ্তির পর যৌথ আলোচনার ভিত্তিতে হিসাব চূড়ান্ত করে পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে প্রতিবছরের জন্য ২০(বিশ) কপি করে চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৪। দরদাতাকে ফার্মের নিজস্ব প্যাডে নিরীক্ষার বছর ভিত্তিক 'ফি' উল্লেখ করে সিল গালাকৃত খামে আগামী ১৫-১১-২০১৬ইং তারিখ দুপুর ১-০০ ঘটিকার মধ্যে ডাক যোগে অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারীর নিকট দরপত্র প্রেরণ করা যাবে এবং ঐ দিন দুপুর ২-০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- ৫। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ৬। দরপত্রের সাথে হালনাগাদ আয়কর, ভ্যাট, ট্রেড লাইসেন্স (রেজিস্টার্ড সার্টিফিকেট) এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতার সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ৭। কোন কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

বারেউবো/রাজ/জন-০৪/২৭-১০-১৬

(মো: জায়েদুল ইসলাম)

সচিব

ফোন: ৭৭৬২৪৭

ই-মেইল: sec.raj.15@gmail.com